যুগান্তর

MAY 14 2002



*ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র আরিফুল ইসলাম শাওনের চিকিৎসার সাহায্যার্থে গতকাল পদার্থ বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীরা মানববন্ধন কর্মসূচি পালন করে -যুগান্তর*

# ঢাবি ছাত্র শাওনকে বাঁচাতে সতীর্থদের মানববন্ধন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অসুস্থ ছাত্র তরিকুল ইসলাম শানওকে আর্থিক সহায়তার আবেদন জানিয়ে বিভাগের শিক্ষার্থীরা গতকাল নগরীতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে। হাইকোর্টের সামনে সকাল ১১টা থেকে আধঘণ্টা স্থায়ী এ মানববন্ধনে শতাধিক শিক্ষার্থী অংশ নেয়। দ্বিতীয় বর্ষের ছাত্র শাওন ক্রনিক ম্যালিওয়েড নামক জটিল রোগে ভুগছে। তার চিকিৎসার জন্য প্রয়োজন ৫০ লাখ টাকা। তাকে বাঁচিয়ে রাখতে আগামী ৬ মাসের মধ্যে উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠাতে হবে। এত

শাওনকে : পৃষ্ঠা : ২ কলাম : ৮

## শাওনকে : বাঁচাতে

(৩য় পৃষ্ঠার পর)

অল্প সময়ে বিপুল পরিমাণ অর্থ সংগ্রহে সহায়তার জন্য তার সহপাঠীরা এগিয়ে এসেছে। তারা মেধাবী শাওনকে বাঁচাতে সমাজের বিত্তবান ব্যক্তিদের প্রতি সাহায্যের আহ্বান জানিয়েছে।